

সিটিজেন চার্টার

- গণযোগাযোগ অধিদপ্তর সরকারের তথ্য মন্ত্রণালয়ের একটি প্রচারধর্মী সেবামূলক প্রতিষ্ঠান।
- দেশের ৬৪টি জেলা ও ৪টি পার্বত্য উপজেলাসহ মোট ৬৮টি তথ্য অফিসের মাধ্যমে এ অধিদপ্তর সরকারের কর্মসূচি ও নীতি সম্পর্কে দেশের জনসাধারণকে অবহিত, শিক্ষিত ও উদ্বুদ্ধ করে দেশের উন্নয়নে সম্পৃক্ত করে।
- বিভিন্ন সামাজিক, অর্থনৈতিক ও স্বাস্থ্য সম্পর্কিত ইস্যুতে আন্তঃব্যক্তিক যোগাযোগ ও সুনির্দিষ্ট প্রচার কৌশল অবলম্বন করে এডভোকেসি প্রোগ্রাম বাস্তবায়নের মাধ্যমে এ অধিদপ্তর ও জেলা তথ্য অফিস জনসাধারণকে সেবা প্রদান করে থাকে।
- **গণযোগাযোগ অধিদপ্তর ও জেলা তথ্য অফিসের গ্রাহক :**
- গ্রামীণ কৃষক, শ্রমিক, মহিলা এবং শিশুসহ দেশব্যাপি তৃণমূল পর্যায়ে সুবিধাবঞ্চিত এবং অর্থনৈতিক ও সামাজিকভাবে অনগ্রসর বিশাল জনগোষ্ঠী গণযোগাযোগ অধিদপ্তরের গ্রাহক।
- **প্রচারের মাধ্যমে সেবা প্রদানের ক্ষেত্র সমূহ :**

<ul style="list-style-type: none">● শিশু ও নারীশিক্ষা● শিশু ও নারী অধিকার● জন্ম নিয়ন্ত্রণ ও জন্ম নিবন্ধন● নিরাপদ মাতৃত্ব● টাকাদান কর্মসূচি● স্যানিটেশন● বার্ড ফ্লু প্রতিরোধ● নির্বাচনী প্রচার	<ul style="list-style-type: none">● নারী-পুরুষের বৈষম্য রোধ● বাল্য বিবাহ ও যৌতুক প্রতিরোধ● এইচআইভি/এইডস প্রতিরোধ● মাদকের অপব্যবহার রোধ● বৃক্ষরোপন● আত্ম ও নতুন কর্মসংস্থান সৃষ্টি● সরকারের নানামুখী উন্নয়ন কর্মকাণ্ডের প্রচার
---	--

● সেবা প্রদানের পদ্ধতি বা কৌশল :

<ul style="list-style-type: none">● ড্রাম্যামান চলচ্চিত্র প্রদর্শনী● সেমিনার/মহিলা সমাবেশ/কমিউনিটি সভা● শিশু, কিশোর ও নারী মেলা● খন্ড সমাবেশ● অশীলতা বন্ধে সিনেমা হল পরিদর্শন	<ul style="list-style-type: none">● উদ্বুদ্ধকরণ লোকসংগীতানুষ্ঠান● আলোচনা সভা ও উঠান বৈঠক● কথামালা প্রচার (মাইকিং)● শব্দযন্ত্র স্থাপন● জনমত প্রতিবেদন
---	--

● জনগণ কিভাবে উপকৃত হয় :

- জনগণের জীবনমান উন্নয়নের সাথে সংশ্লিষ্ট বিষয়— শিক্ষা, স্বাস্থ্য ও উন্নয়ন সম্পর্কে অধিদপ্তরের প্রচার কৌশল প্রদর্শনের মাধ্যমে অধিদপ্তর ও জেলা তথ্য অফিসের দক্ষ কর্মচারীবৃন্দ তৃণমূল পর্যায়ে জনগোষ্ঠীকে উদ্বুদ্ধ করেন। এর মাধ্যমে সাধারণ মানুষ জীবনমান উন্নয়নে শিক্ষা লাভ করে থাকেন।

● কিভাবে সেবা পাওয়া যায় :

- গণযোগাযোগ অধিদপ্তর ও জেলা তথ্য অফিসের কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে সরকারি কর্মকর্তা, জনপ্রতিনিধি, গণ্যমান্য ব্যক্তি, শিক্ষক, ধর্মীয় নেতা ও কমিউনিটি লিডারদের অন্তর্ভুক্ত করা হয়। তাদের মাধ্যমে অথবা সরাসরি গণযোগাযোগ অধিদপ্তর বা জেলা তথ্য অফিসসমূহে যোগাযোগ করে সাধারণ মানুষ এ অধিদপ্তরের সেবা গ্রহণ করতে পারেন।

● সেবাগ্রহণের ক্ষেত্রে যোগাযোগ ঠিকানা :

<ul style="list-style-type: none">● মহাপরিচালক গণযোগাযোগ অধিদপ্তর ফোন : ৯৩৪৭০০৫	<ul style="list-style-type: none">● তথ্য ও ডকুমেন্টেশন অফিসার গণযোগাযোগ অধিদপ্তর ফোন : ৯৩৬১৩৫৮
---	--

- জনগণকে প্রকৃত অর্থে সেবা প্রদান করাই জনকল্যাণমুখী প্রতিটি সরকারের অন্যতম দায়িত্ব।
- আপনার এলাকায় সচেতনতা সৃষ্টির মাধ্যমে দেশ এবং দেশের মানুষের জীবনমান উন্নয়নে জেলা তথ্য অফিসের সাহায্য নিন।
- আপনার এগিয়ে আসা এবং সহযোগিতার মনোভাব গণযোগাযোগ অধিদপ্তর ও জেলা তথ্য অফিসসমূহের সেবাকার্যক্রম আরো জোরদার ও সুসংহত করবে।

#